

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.kkcp.gov.bd



স্মারক: ৩২.০১.০০০০.০০৩.০১.০৪৯.২১-১৫২৫


তারিখ: ০৪/০৭/২০২২ খ্রি:

বিষয়: জনাব আবদুল খালেক, প্রশিক্ষক (সাবেক), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সন্দ্বীপ এর বিরুদ্ধে সরেজমিন তদন্ত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সন্দ্বীপ উপজেলার ০৪ (চার) জন জেন্ডার প্রমোটর, ০৯ (নয়) জন সংগীত শিক্ষক ও ০৯ (নয়) জন আবৃত্তি শিক্ষক লিখিতভাবে অভিযোগ করেছেন যে, আবদুল খালেক নামে একজন প্রশিক্ষক গত ২০২১ সালের ডিসেম্বর থেকে ২০২২ সালের মার্চ পর্যন্ত ৫ জন শিক্ষকের সম্মানি ও অনেক শিক্ষকের অর্ধেক সম্মানি আত্মসাৎ, নাস্তার টাকা আত্মসাৎ, নাস্তা ডিস্ট্রিভিশনের জন্য ঠিকাদার নিয়োগে অনিয়ম, ক্লাব কো-অর্ডিনেটরদের টাকা গায়েব, মনিহারী বাবদ বরাদ্দকৃত টাকা আত্মসাৎ এবং চাকুরীচ্যুত করার হুমকি প্রদান করেছেন (কপি সংযুক্ত)। তিনি প্রকল্পের অর্থ তথা সরকারী অর্থ তহরুপ করে সরকারী প্রকল্প বাস্তবায়নে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন বলে লিখিত অভিযোগ পাওয়া যায়।

বর্ণিতাবস্থায়, বিবেচ্যপত্রের অভিযোগের বিষয়ে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চট্টগ্রাম ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সন্দ্বীপ, চট্টগ্রাম যৌথভাবে তদন্ত করে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য বলা হল।

সংযুক্তি: বর্ণনামতে ০৯ পাতা।


০৪/০৭/২০২২

(মো: তারিকুল আলম)

(অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক (অ:দা)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

বিতরণ:

- ০১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চট্টগ্রাম।
- ০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সন্দ্বীপ, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ০৫। অফিস কপি।